## নির্বাচনী কমিটি/২০২৪খ্রিঃ
## নাচোল ইউসিসিএলিঃ এর ব্যবস্থাপনা কমিটি গঠনের নির্বাচনী তফসিল
## নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং-৪৭.৬২.৭০.৫৬.১০০.০৬.০০২.১৫- ৬৮৯

তারিখঃ ৩০/০৪/২০২৪খ্রিঃ

এতদ্বারা নাচোল ইউসিসিএলিঃ এর সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে,নাচোল ইউসিসিএলিঃ এর ব্যবস্থাপনা কমিটির বিগত ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকা হইতে বেলা ১.৩০ মিনিট পর্যন্ত নাচোল বিআরডিবির প্রশিক্ষণ হলরুমে ব্যবস্থাপনা কমিটি গঠনের নির্বাচন/২০২৪ উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

নাচোল ইউসিসিএলিঃ এর উল্লেখিত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০৮ জন সদস্য,সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত-২০০২ও ২০১৩)এবং সমবায় সমিতি বিধিমালা'২০০৪(সংশোধিত'২০২০) মোতাবেক নির্বাচিত হবে। উক্ত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০৮ জন সদস্যর মধ্যে ০১ জন সভাপতি ও ০১ জন সহ সভাপতি সমিতির সমগ্র নির্বাচনী এলাকার বৈধ প্রতিনিধির সর্বাধিক ভোটে এবং ০৬ জন সদস্য ০৬টি নির্বাচনী এলাকা হইতে স্ব-স্ব নির্বাচনী এলাকার সদস্য সমিতির বৈধ প্রতিনিধির সর্বাধিক ভোটে নির্বাচিত হবেন। নির্বাচনে অংশ গ্রহণের নিমিত্তে প্রার্থীগণকে নির্ধারিত মনোয়নপত্র, সদস্য পরিচয় পত্র, ভোটার তালিকা ও নির্বাচন সংক্রান্ত প্রয়োজনীয় যে কোন তথ্যাদি নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় হতে অফিস চালাকালীন সময়ে সংগ্রহ করতে হবে। নির্বাচন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী নাচোল ইউসিসিএলিঃ এর ব্যবস্থাপনা কমিটির নিবার্চন/২০২৪ আগামী ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপ তফসিল ঘোষণা করা হলোঃ-

নির্বাচনী তফসিল

| ক্রঃনং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১. | মনোনয়নপত্র প্রাপ্তি/বিতরণ | নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় | ০৫/০৫/২০২৪ খ্রি: ও ০৬/০৫/২০২৪ খ্রি: | সকাল ১০.০০টা হতে দুপুর ২.৩০ মিনিট |
| ২. | মনোনয়নপত্র দাখিল | নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় | ০৯/০৫/২০২৪ খ্রি: | সকাল ১০.০০টা হতে দুপুর ২.৩০ মিনিট |
| ৩. | মনোনয়নপত্র বাছাই করিবার এবং বাছাই শেষে প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় | ১১/০৫/২০২৪ খ্রি: | সকাল ১০.০০টা হতে বাছাই সমাপ্তির পর |
| ৪. | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থী মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থির আপীল আবেদনের দাখিল | যুগ্ম নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয় | ১২/০৫/২০২৪ খ্রি: ও ১৩/০৫/২০২৪ খ্রি: | অফিস চলাকালীন সময়ে |
| ৫. | আপীল শুনানী ও শুনানী শেষে চুড়ান্তভাবে বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | যুগ্ম নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয় | ১৪/০৫/২০২৪ খ্রি:, ১৫/০৫/২০২৪ খ্রি: ও ১৬/০৫/২০২৪ খ্রি: | অফিস চলাকালীন সময়ে |
| ৬. | প্রার্থীতা প্রতাহার | নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় | ১৯/০৫/২০২৪ খ্রি: | সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা |
| ৭. | প্রতিদ্বন্দ্বী বৈধ প্রার্থীর মধ্যে প্রতিক বরাদ্দ ও তালিকা প্রকাশ | নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় | ২০/০৫/২০২৪ খ্রি: | দুপুর ২.০০ টা হতে বেলা ৩.৩০মিনিট |
| ৮. | ভোট গ্রহণ | নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় | ১০/০৬/২০২৪ খ্রি: | সকাল ১০.০০টা হইতে দুপুর ১.৩০ মিনিট পর্যন্ত বিরতিহীন ভাবে |
| ৯. | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষণা | নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয় | ১০/০৬/২০২৪ খ্রি: | ভোট গণনা শেষে |

### মনোনয়ন পত্র দাখিলের নিয়মাবলী ঃ

০১। প্রার্থীর মনোনয়নপত্র গ্রহণ, বাছাই, বৈধ ও বাতিলকৃত প্রার্থীর তালিকা প্রকাশ এবং প্রার্থীতা প্রত্যাহার, প্রতিদ্বন্দ্বীর মধ্যে প্রতিক বরাদ্দ, নির্বাচন অনুষ্ঠান যাবতীয় কাজ নাচোল ইউসিসিএলিঃ এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

০২। অত্র সমিতির নির্বাচন আগামী ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হইতে বেলা ১.৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। নাচোল বিআরডিবি হলরুমে অনুষ্ঠিত সমিতির বিশেষ সাধারণ সভায় উক্ত নির্বাচনের ফলাফল ঘোষিত ও অনুমোদিত হবে।

০৩। নাচোল ইউসিসিএলিঃ এর ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিনিধিকে ক্ষমতা প্রদান করতে হবে উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের অনুলিপি দাখিল করিতে হবে এবং প্রতিনিধির

পাসপোর্ট সাইজের এক কপি ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক তাহা প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৪। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধি সমবায় সমিতি আইন/২০০১ এর ১৯ (২) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে এবং তাহা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৫। সমিতি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট অফিস কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত সদস্য পরিচয় পত্র ফরম পূরণ করতঃ পরিচয়পত্র সংশ্লিষ্ট সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। তাতে সমিতির সীল মোহর অবশ্যই থাকতে হবে।

০৬। মনোনয়ন পত্র নির্ভুলভাবে পূরণ করতঃ তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি বা প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে।

০৭। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর সংশ্লিষ্ট সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং তাতে সমিতির সীলমোহর থাকতে হবে। সত্যায়িত স্বাক্ষর জেলা/ উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৮। অসম্পূর্ন, ঘসামজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত আইন২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪(সংশোধিত'২০২০) মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। নির্বাচন সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতির বিধিমালা/২০০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ করিয়া পরিচালিত হবে।

১০। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১। অত্র সমিতির ব্যবস্থাপনা কমিটির পদবিন্যাস হইবে নিম্নরূপঃ

| | |
|---|---|
| (ক) সভাপতি | ০১ জন |
| (খ) সহ সভাপতি | ০১ জন |
| (গ) সদস্য | ০৬ জন |

১২। ছয় জন সদস্যের নির্বাচনী এলাকা অত্র তফসিলের সাথে সংযুক্ত করা হবে।

বিঃদ্রঃ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ নির্বাচনী এলাকার বৈধ ভোটারের সর্বাধিক প্রাপ্ত ভোটের ভিত্তিতে নির্বাচিত হবেন। ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের মধ্যে সভাপতি ও সহ-সভাপতি,সমগ্র নির্বাচনী এলাকার বৈধ ভোটে এবং সদস্যগণ ০৬ টি নির্বাচনী এলাকা থেকে নিজ নিজ এলাকার বৈধ ভোটারের ভোটে নির্বাচিত হবেন।

১৩। ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্যতা (ধারা-১৯)ঃ

ব্যবস্থাপনার কমিটির সদস্য হিসাবে নির্বাচিত হবার বা সদস্য পদে বহাল থাকিবার যোগ্য হবেন না যদি নিম্নবর্ণিত যে কোন অবস্থা তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হয় ঃ-

(ক) ২১ বছর বয়স্ক না হন।

(খ) কোন ফৌজদারী অপরাধের কারনে দোষী সাব্যস্ত হয়ে ২ বছর বা ততোধিক মেয়াদের জন্য কারাদণ্ডে দণ্ডিত হয়ে থাকেন এবং কারাভোগের পর ৫ বছর সময় অতিবাহিত না হয়।

(গ) কোন সমবায় সমিতি বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট ঋণ,অগ্রীম, গৃহীত পণ্যের মূল্য বা অন্য যে কোন পাওনা বা পাওনার কিস্তি পরিশোধের ক্ষেত্রে খেলাপী হিসাব চিহ্নিত হন।

(ঘ) ব্যবস্থাপনা কমিটির বা যে কোন সদস্যের অধীনে বেতন ভোগী কর্মচারী হন বা সমিতির আওতাধীন কোন লাভজনক পদে অধীষ্ঠিত হন।

(ঙ) সমিতির কোন কাজের জন্য ঠিকাদার হন বা লাভজনক ভাবে সমিতিকে কোন সামগ্রী সরবরাহ করেন।

(চ) যথাপোযুক্ত আদালত কর্তৃক দেওলিয়া বা অপ্রকৃতিস্থ ঘোষিত হন ।

(ছ) তিনি সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতি বা কেন্দ্রীয় সমবায় সমিতির পাওনা পরিশোধের ক্ষেত্রে উক্ত সমিতি কর্তৃক খেলাপী হিসাবে চিহ্নিত হন।

(জ) তিনি যে সমিতির প্রতিনিধি হিসাবে নির্বাচনে অংশ গ্রহনের ইচ্ছা প্রকাশ করেন সেই সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক লিখিত ভাবে ক্ষমতা প্রাপ্ত না হন।

(ঝ) ইতিপূর্বে কোন প্রার্থী যে প্রাথমিক সমবায় সমিতির প্রতিনিধি হিসাবে কেন্দ্রীয় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচন করিয়াছেন পরবর্তীতে প্রথমোক্ত সমিতির প্রতিনিধি ব্যতীত অন্য কোন সমিতির প্রতিনিধি হিসাবে উল্লেখিত কেন্দ্রীয় সমিতির নির্বাচনে অংশ গ্রহণ করিতে পরিবেন না (বিধি -২৪(২)।

(ঞ) ঋণ খেলাপী সদস্য সমিতির খেলাপী ঋণের ৭৫% মনোনয়ন পত্র দাখিলের পূর্বে পরিশোধ না করা পর্যন্ত এবং নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ২ বৎসরের বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদনে অকার্যকর হিসাবে চিহ্নিত বা অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিল হইয়াছে এই ধারনের কোন সদস্য সমিতি কেন্দ্রীয় সমিতির নির্বাচনে অংশ গ্রহনের নিমিত্তে প্রতিনিধি মনোনয়ন করিতে পারবেন না (বিধি-২৪(৪)।

(ট) নির্বাচন কমিটির কোন সদস্য সংশ্লিষ্ট নির্বাচনে প্রার্থী হতে পারবেন না (বিধি-২৪(৫)।

(ঠ) একই সমিতি/প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বহির্ভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বীতা করিতে পারিবেন না।

(ড) এছাড়াও ভোট প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমবায় সমিতি বিধিমালা/২০০৪এর ৮৭ (৩) বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

১৪। মনোনয়নপত্রের সাথে ঃ

(ক) মনোনয়ন সংক্রান্ত সমিতির সিদ্ধান্ত সত্যায়িত ও প্রতিস্বাক্ষরীত অনুলিপি সংযোজন করিতে হইবে।

(খ) পরিচয় পত্রের কপি সংযোজন করিতে হবে এবং মনোনয়ন পত্রে চাহিত ছক মোতাবেক সকল তথ্য ও প্রতীকের নাম উল্লেখ করিতে হবে।

(গ) প্রার্থী যে প্রাথমিক সমবায় সমিতি হতে নির্বাচনে অংশ গ্রহণ করিতে ইচ্ছুক সে সমিতি কার্যকর এবং খেলাপী নহে মর্মে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র সংযুক্ত করিতে হবে।

১৫। মনোনয়ন বাছাইয়ের তারিখে নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করিতে হবে।

(ক) প্রাথমিক সমিতির সভ্য তালিকা বহি।
(খ) প্রাথমিক সমিতির নির্বাচন বহি।
(গ) বার্ষিক সাধারণ সভার রেজিষ্টার।
(ঘ) ক্যাশ বহি।
(ঙ) শেয়ার খতিয়ান।
(চ) কর্জের খতিয়ান।

১৬। প্রার্থীগণের বরাদ্দকৃত প্রতীক সমূহঃ

| | |
|---|---|
| (ক) সভাপতি পদের জন্য | চেয়ার, আম,গোলাপফুল, মই। |
| (খ) সহ সভাপতি পদের জন্য | বই, তলোয়ার, হাতুড়ি, আনারস। |
| (গ) সদস্য পদের জন্য | মাছ, মোমবাতি, কুড়াল, টেবিল, সাইকেল, হাতি,বাঘ, হ্যারিকেন, কাঠাল, মাইক,মোরগ। |

বিঃ দ্রঃ প্রয়োজন বোধে প্রতীক বাড়ানো যাইতে পারে। নির্বাচনের জ্ঞাতব্য বিষয়

১। প্রাথমিকি সমবায় সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রেরিত প্রতিনিধিই বৈধ প্রতিনিধি হিসাবে গণ্য হবে।
২। প্রেরিতব্য প্রতিনিধির পরিচয় পত্র ও রেজুলেশন সঠিক ভাবে লিপিবদ্ধ করে প্রেরণ করতে হবে।
৩। রেজুলেশন সংশ্লিষ্ট এলাকা পরিদর্শক কর্তৃক পরীক্ষিত ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
৪। সুষ্ঠু ভাবে নির্বাচন অনুষ্ঠান ও নামসহ ভোটার তালিকা প্রনয়ণের লক্ষ্যে প্রতিনিধির পরিচয় পত্রটি সঠিকভাবে পুরন করে আগামী ০২/০৬/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা দিতে হবে।
৫। প্রার্থীর মনোনয়ন ফরম অত্র দপ্তর হতে সংগ্রহ করতে হবে। তবে নির্বাচন পরিচালনা কমিটি কর্তৃক নির্বাচনী তফসীল ঘোষণার পর নির্বাচন সংক্রান্ত যে কোন তথ্যাদি নিম্ন স্বাক্ষরকারী অথবা অত্র দপ্তরের সাথে যোগাযোগ করে জেনে নিতে হবে।
৬। নিম্নোক্ত হারে টাকা জমাদান পূর্বক মনোনয়ন পত্র ও ভোটার তালিকা নিম্ন স্বাক্ষরকারী অথবা অত্র দপ্তরের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নিকট হতে সংগ্রহ করা যাবে।

| | |
|---|---|
| (ক) সভাপতি পদের জন্য | = ৪০০০/= ( চার হাজার) টাকা। অফেরৎ যোগ্য। |
| (খ) সহ- সভাপতি পদের জন্য | = ২০০০/= (দুই হাজার) টাকা। অফেরৎ যোগ্য। |
| (গ) সদস্য পদের জন্য | = ১০০০/= (এক হাজার) টাকা। অফেরৎ যোগ্য। |

৭। অত্র ইউসিসিএলিঃ এর ব্যবস্থাপনা কমিটির পদবিন্যাস নিম্নরূপ হবে।

| | |
|---|---|
| ক) সভাপতি | ০১ জন (সমগ্র নির্বাচনী এলাকা)। |
| খ) সহ-সভাপতি | ০১ জন (সমগ্র নির্বাচনী এলাকা)। |

গ) সদস্য (পুরুষ) ০৬ জন (০৬ টি ব্লক হতে ০৬ জন সদস্য সংশ্লিষ্ট নির্বাচনী ব্লক হতে নির্বাচিত হবে)

ভোটার প্রতিনিধির যোগ্যতা ও নিয়মাবলী।

১। তিনি যে সমিতি হতে প্রতিনিধি হবেন তিনি সে সমিতির বা কেন্দ্রীয় সমিতির কোন দেনাদার অর্থাৎ কর্জের মেয়াদ খেলাপী, দেনা গ্রস্থ বা সমিতির টাকা হস্তমজুদকারী হতে পারবেন না।
২। তাকে নিজ সমিতি এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
৩। সমিতির সভ্য হবার যোগ্যতা থাকতে হবে।
৪। প্রতিনিধিত্বকারীর সমিতিতে ন্যূনতম শেয়ার ও প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করেছেন বলে প্রমাণ থাকতে হবে।
৫। প্রতিনিধিত্বকারীর সভ্য বহিতে তাহার নাম লিপিবদ্ধ থাকতে হবে ও যথাযথ স্বাক্ষর/টিপসহি থাকতে হবে।
৬। তিনি নিজ সমিতি বা কেন্দ্রীয় সমিতির টাকা আত্মসাতকারী,অনৈতিক অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডিত, দেউলিয়া ঘোষিত বা বিকৃত মস্তিস্ক হতে পারবেন না
৭। অত্র ইউসিসিএলিঃ এর উপ আইন অনুযায়ী ন্যূনতম মূল্যের শেয়ার খরিদ করতে হবে।
৮। নিজ সমিতির নির্বাচন যথা নিয়মে অনুষ্ঠিত হতে হবে।
৯। প্রাথমিক সমিতিকে অত্র ইউসিসিএলিঃ এর এ্যফিলিয়েশন ভুক্ত হতে হবে।
১০। নিজ সমিতির ব্যবস্থাপনা কমিটির বৈধতা না থাকলে উক্ত সমিতি হতে ভোটার বা প্রার্থী হতে পারবেন না।

প্রার্থীর যোগ্যতা ও নিয়মাবলী

যে সকল প্রতিনিধি অত্র ইউসিসিএলিঃ এর ব্যবস্থাপনা পরিষদের সভাপতি, সহ-সভাপতি ও সদস্য পদের প্রার্থী হতে ইচ্ছুক তাদের নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে।

১। তার বয়স ২১ বছর বা তদুর্দ্ধ হতে হবে এবং নিজ সমিতিতে সভ্য রেজিষ্টারে সদস্য হিসাবে ১২ (বারো) মাস উত্তীর্ণ হতে হবে।
২। প্রার্থী কর্তৃক নিজ সমিতি হতে গ্রহীত ঋণ, অগ্রীম, হস্ত মজুদ ও ঋণের কিস্তি ১০০% এবং প্রার্থীর নিজ সমিতি ৭৫% পরিশোধ থাকতে হবে।

৩। প্রার্থী যে কেন্দ্রীয় সমিতিতে প্রতিদ্বন্দিতা করতে ইচ্ছুক তিনি সেই সমিতি/ অফিসে লাভ জনক কোন কাজে নিয়োজিত বা ব্যবসা বাণিজ্যের সাথে জড়িত থাকতে পারিবেন না।

৪। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীকে নির্ধারিত ফরমের ফটো ও রেজুলেশন সহ পরিচয় পত্র দাখিল করিতে হবে।

৫। তিনি সমজাতীয় ০২ (দুই) সমিতির ব্যবস্থাপনা পরিষদের পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না।

৬। প্রার্থীকে সমবায় আইন'২০০১(সংশোধিত'২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত;২০২০) এর নিয়ম অনুসারে এবং অত্র ইউসিসিএলিঃ এর উপআইন অনুযায়ী যোগ্য হতে হবে।

৭। নির্বাচন কমিটি কর্তৃক জারিকৃত তফসিল অবশ্যই পালনীয়।

৮। ভোটার ও প্রার্থীর যোগ্যতা ও নিয়মাবলী যে কোন একটি পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট সদস্য পদপ্রার্থী বা ভোটাধিকার হতে বঞ্চিত হবে।

০৯। ১৮ (৮) একাধিকক্রমে তিনটি মেয়াদ পূর্ণ করিয়াছেন এমন কোন সদস্য উক্ত মেয়াদের অব্যবহিত পরবর্তী একটি মেয়াদের নির্বাচনে প্রার্থী হইবার যোগ্য হইবেন না।

৩০/৪/২৪
( মোঃ আব্দুল করিম)
সদস্য
নির্বাচন কমিটি/২০২৪খ্রিঃ,
নাচোল ইউসিসিএলিঃ
ও সদস্য
ঘিওন কৃষক সমবায় সমিতি লিঃ
নাচোল,চাঁপাইনবাবগঞ্জ ।

৩০/৪/২৪
( মোঃ শাহিন আলম)
সদস্য
নির্বাচন কমিটি/২০২৪খ্রিঃ,
নাচোল ইউসিসিএলিঃ
ও সদস্য
বান্দ্রা কৃষক সমবায় সমিতি লিঃ
নাচোল,চাঁপাইনবাবগঞ্জ ।

৩০/৪/২৪
(মোঃ শফিকুল আলম)
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৪খ্রিঃ,
নাচোল ইউসিসিএলিঃ
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং-৪৭.৬২.৭০.৫৬.১০০.০৬.০০২.১৫- ১৮৭/১(১৩)

তারিখঃ ৩০/০৪/২০২৪ খ্রিঃ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)।

০১। সভাপতি/ম্যানেজার ........................................................ প্রাথমিক কৃষক সমবায় সমিতি লিঃ নাচোল,চাঁপাইনবাবগঞ্জ।
০২। সভাপতি/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল ইউসিসিএলিঃ চাঁপাইনবাবগঞ্জ। সুষ্ঠুভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনকমিটিকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
০৩। উপজেলা সমবায় অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
০৬। উপ পরিচালক, বিআরডিবি, চাঁপাইনবাবগঞ্জ।
০৭। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৮। নোটিশ বোর্ড।
০৯। সংশ্লিষ্ট নথি।

৩০/০৪/২৪
(মোঃ শফিকুল আলম)
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৪খ্রিঃ, নাচোল ইউসিসিএলিঃ
ও
সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।